# হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ হজ্জ পালনকালে যেসব ক্ষেত্রে নারী, পুরুষ থেকে ভিন্ন

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

হজ্জের সফরে নারীর সাথে মাহরাম পুরুষ থাকা প্রসঙ্গ

ইমাম আবু হানিফা ও ইমাম আহমদের মতে নারীকে যদি সফরের দূরত্বে গিয়ে হজ্জ করতে হয় তবে মাহরাম সাথে থাকা শর্ত। হাদিসে এসেছে, রাসূলুল্লাহ (ﷺ)বলেছেন, ‘মাহরাম ব্যতীত কোনো পুরুষ কোনো নারীর সাথে যেন একা না হয়। এবং নারী যেন মাহরাম ব্যতীত সফর না করে। এক ব্যক্তি দাঁড়িয়ে বলল, ‘ইয়া রাসূলুল্লাহ! আমার স্ত্রী আমার সাথে হজ্জের উদ্দেশ্যে বের হয়েছে, আর আমি যুদ্ধে নাম লিখিয়েছি, রাসূলুল্লাহ (ﷺ)বললেন,‘যাও তুমি তোমার স্ত্রীর সাথে হজ্জ কর।[1] অন্য এক হাদিসে এসেছে, ‘মাহরাম ছাড়া কোনো নারী যেন তিন দিনের দূরত্বে সফর না করে।[2] ইবনে আব্বাস (রাঃ) থেকে এক হাদিসে এসেছে, রাসূলুল্লাহ (ﷺ)বলেছেন : ‘নারী যেন মাহরাম ব্যতীত কখনোই হজ্জ না করে।’[3]

## ফুটনোট

[1] ـ سمعت رسول الله صلى الله عليه وسلم يقول : لا يخلون رجل بأمرأة إلا ومعها ذومحرم ، ولا تسافر المرأة إلا مع ذي محرم ، فقام رجل فقال : يا رسول الله ، إن امرأتي خرجت حاجة وإني اكتبت في غزوة كذا وكذا ، فقال : انطلق فحج مع امرأتك (বোখারি ও মুসলিম : ২৩৯১)

[2] ـ(لا تسافر المرأة ثلاثة إلا ومعها ذو محرم )মুসলিম : ২৩৮১

[3] - সাঈদ আব্দুল কাদের : আলমুগনী ফি ফিকহিল হজ্জ ওয়াল উমরা, পৃ: ২২

Source — https://www.hadithbd.com/books/link/?id=3556

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন